গাংনী জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে সনদপত্র ও পুরষ্কার বিতরণ

জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২২ এর সনদপত্র ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকালে উপজেলা প্রশাসন ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম এর সভাপতিত্বে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুমের এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জাতীয় শিক্ষা সপ্তাহ উৎযাপন কমিটির সদস্য সচিব মীর হাবিবুল বাসার ।

অনুষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক ও ছাত্রছাত্রীদের ক্রেষ্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তাগণ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ,শিক্ষক ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

আওয়ামীলীগের দুই বিদ্রোহীসহ ৩

জন চেয়ারম্যান প্রার্থী মনোনয়নপত্র জমা

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান পদে আওয়ামীলীগের দুই বিদ্রোহী প্রার্থীসহ ৩ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন। এছাড়া সদস্য পদে ১৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দেন।

আওয়ামীলীগ বাদে অন্য কোনো রাজনৈতিক দলের কোনো নেতা কর্মী চেয়ারম্যান বা অন্য কোনে পদের প্রার্থী হননি এই নির্বাচনে।

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার এ তথ্য নিশ্চিত করেছেন।

দলীয় নেতা কর্মীদের সাথে নিয়ে উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জেলা পরিষদের নির্বাচনে আওয়ামীলীগের দলীয় চেয়ারম্যান প্রার্থী(নৌকা প্রতীক)অ্যাডভোকেট আব্দুস সালাম মনোনয়নপত্র জমা দিয়েছেন।

জমাদানের শেষ দিন আজ বৃহস্পতিবার (১৫ সেপ্টেম্বর) দুপুরের দিকে জেলা পরিষদ নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছারের নিকট মনোনয়নপত্র জমা দেন তিনি।

এসময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়ার উদ্দিন বিশ্বাস, মেহেরপুর পৌর আওয়ামীলীগের সভাপতি শহীদ সাদিক হোসেন বাবুল, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েলসহ দলীয় নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

এদিকে চেয়ারম্যান পদে বিদ্রোহী প্রার্থী হিসেবে জেলা পরিষদের সদস্য সাবেক প্রশাসক গোলাম রসুল ও বাংলাদেশ আওয়ামীলীগের জাতীয় পরিষদের সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক এমপি জয়নাল আবেদিন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এছাড়া সাধারণ সদস্য পদে ১ নং ওয়ার্ড (মুজিবনগর উপজেলায়) ৬ জন, ২ নং ওয়ার্ড (সদর উপজেলা)৩ জন ও ৩ নং ওয়ার্ড (গাংনী উপজেলা) ৬ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মেহেরপুরে ব্যবসায়ীর দোকানোর সামনে থেকে ৪টি ককটেল উদ্ধার

মেহেরপুরের রাধাকান্তপুর গ্রামের সার ব্যবসায়ীর গোডাউনের সামনে থেকে ৪টি ককটেল উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার (১৫ সেপ্টেম্বর) সকালের ১০ টার দিকে সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের পিটুলিতলা নামক এলাকার একটি সার কীটনাশকের দোকানের সামনে থেকে একটি শপিং ব্যাগের মধ্যে রাখা ককটেল উদ্ধার করে পুলিশ। ককটেলগুলো লাল টেপ মোড়ানো বলে জানান সদর থানার ওসি রফিকুল ইসলাম।

সদর থানার ওসি রফিকুল ইসলাম বলেন, রাধাকান্তপুর গ্রামের ব্যবসায়ী টুটুল মিয়ার সার ও কীটনাশকের দোকানের সামনে একটি শপিং ব্যাগ দেখতে পান স্থানীয়রা। পরে ব্যাগের মধ্যে লাল কসটেপ দিয়ে মোড়ানো ৪টি ককটেল দেখে থানা পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে পুলিশ বোমাগুলো উদ্ধার করে পানি বোঝায় বালতির মধ্যে নিয়ে থানায় নিয়েছে। এগুলো আদৌ ককটেল কিনা সেটাও ক্ষতিয়ে দেখা হচ্ছে।

তিনি বলেছেন, ভয়ভীতি দেখানোর জন্য এলাকার কিছু খারাপ মানুষ এগুলো ওই ব্যবসায়ীর দোকানের সামনে রাখতে পারে বলে ধারণা করা হচ্ছে। তবে পুলিশ বিষয়টি নজরে নিয়েছে।

মেহেরপুরে বাংলা ১ম পত্রে

অনুপস্থিত ১৬৪ পরীক্ষার্থী

মেহেরপুরে চলতি এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষায় বাংলা প্রথম পত্রে জেলায় ১৬৪ জন শিক্ষার্থী অনুপস্থিত রয়েছে।

এদের মধ্যে এসএসসিতে ১১৪ জন, ভোকেশনাল শাখায় ২১ জন ও দাখিল পরীক্ষায় ২৯ জন শিক্ষার্থী অনুপস্থিত রয়েছে। মেহেরপুর জেলা পরীক্ষা কেন্দ্রের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছেন।

চলতি এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষায় জেলার ১৩ টি পরীক্ষা কেন্দ্রে মোট ৭ হাজার ৯৬১ পরীক্ষার্থী অংশ নেয়ার কথা ছিল।

পরীক্ষার্থীদের মধ্যে মানবিক বিভাগ থেকে ৫৩১৪, বিজ্ঞান বিভাগ থেকে ২১১৩, ব্যবসা শিক্ষা বিভাগ থেকে ২৯১ জন, ভোকেশনাল শাখায় ১০২১ জন ও দাখিল মাদ্রাসার ৫৫৮ জন।

জেলায় ১৩ টি কেন্দ্রের মধ্যে সদর উপজেলার মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১ হাজার ১৯৫ জন, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৮০২ জন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ৮৫৫ জন

গাংনী উপজেলার গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ৬৭৮ জন, গাংনী পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে ৬৮৬ জ, বামন্দী নিশিপুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ৫৯৬ জন, জুগিরঘোপা মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ২৩০ জন, বেতবাড়িয়য়া মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ৫৭১ জন, রায়পুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ৪৭১ জন, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ৩০১ জন ও বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে ৩৯৬ জন।

এছাড়া মুজিবনগর উপজেলার মুজিব নগর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ৭৮০ জন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় ৩৮৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে।

দাখিল পরীক্ষায় মেহেরপুর দারুল উলুম আহমদিয়া মাদ্রাসায় ৩৬৫ জন ও গাংনী থেকে ২০৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে।

পরীক্ষা কেন্দ্র নকলমুক্ত ও সুন্দর পরিবেশ সৃষ্টি করতে প্রশাসনের পক্ষ থেকে পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে পরীক্ষা চলাকালিন

সময়ে ১৪৪ ধারা জারি করা হয়েছে। এছাড়া জেলা প্রশাসন ও শিক্ষা বিভাগের উদ্যোগে পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শন করা হয়েছে।

গাংনীতে অগ্নীকান্ডে ৫০ হাজার টাকার মালামাল ভষ্মিভুত

গাংনী পৌর শহরের হাসপাতাল বাজার এলাকায় চুলার আগুন থেকে এ অগ্নীকান্ডের ঘটনায় গৃহকর্তার অর্ধলক্ষ টাকার মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৫ সেপ্টেম্বর) সকাল ৯ টার দিকে হাসপাতাল পাড়ার সাজ্জাদ হোসেনের বাড়িতে এ অগ্নীকান্ডের ঘটনা ঘটে।

গৃহকর্তা সাজ্জাদ হোসেন জানান, রান্না ঘরে চুলায় রান্না করা কালীন সময় হঠাৎ আগুন সারা ঘরে ছড়িয়ে পড়ে। স্থানীয়দের সহায়তায় আগুন নেভানোর পাশাপাশি বামন্দী ফায়ার সার্ভিসে খবর দেয়া হয়। আগুনে ঘরের টিন, ঘরে রাখা চাল ডালসহ অন্যান্য মালামাল ভষ্মিভূত হয়। এতে অন্ততঃ ৫০ হাজার টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবী করেছেন সাজ্জাদ হোসেন।

বামন্দী ফায়ার সার্ভিসের টীম লীডার ইসাহাক আলী জানান, বাড়ির মালিকের কল পেয়ে ঘটনাস্থলে এসে স্থানীয়দের সহায়তায় আগুন নিয়ন্ত্রণ করা হয়। চুলার আগুন থেকে এ অগ্নীকান্ডের সুত্রপাত।

আমঝুপিতে কমিউনিটি এডুকেশন

ওয়াচ গ্রুপ এর কমিটি গঠন ও ওরিয়েন্টেশন

গবার জন্য মান সম্মত শিক্ষা নিশ্চিত করতে ও শিক্ষায় কমিউনিটির অংশ গ্রহনে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ গঠনও ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আমঝুপি মউকের হলরুমে গনসাক্ষরতা অভিযান এর সহযোগিতায় মানবউন্নয়ন কেন্দ্র মউক এ সভায় আয়োজন করে।

সমাজ সেবক আ: রকিব এর সভাপতিত্বে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের লক্ষ্যে ও উদ্দেশ্য তুলে ধরেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। সভায় সকলের সর্বসমতি ক্রমে অধ্যাপক সাইদুর রহমান কে সভাপতি, আ: রকিব ও আজগর আলী মাষ্টারকে সহসভাপতি কেও ২১ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। সভায় মুক্ত আলোচনায় অংশ গ্রহন করেন, ইউপি সদস্য আরিফ হোসেন, হাজী আজগর আলী মাষ্টার, রুহুল আমিন, আকতার হোসেন ও রেশমা খাতুন।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এর দায়-দায়িত্ব ও করণীয় বিষয়ে বিভিন্ন তথ্যমুলক আলোচনা করেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদ।অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রোগ্রাম অফিসার রওশানা খাতুন।

ক্ষুদ্র ঋণ পরিশোধ না করায় ৮ নারী জেলে

মেহেরপুরে সৃজনী ফাউন্ডেশন নামের একটি এনজিও থেকে ঋণ নিয়ে পরিশোধ করতে না পারায় দরিদ্র ৮ নারীকে যেতে হলো জেল হাজতে। এসব নারীদের নামে এনজিও “সৃজনী ফাউন্ডেশনের” দায়ের করা মামলায় আদালত গ্রেফতারী পরোয়ানাজারি করে।

আদালতের পরোয়ানা পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ গতকাল বুধবার

সকালের দিকে আমদহ গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামের হেলাল উদ্দীনের স্ত্রী ছবি খাতুন, আশাদুল হকের স্ত্রী তোকিয়ারা খাতুন, রবিউল ইসলামের স্ত্রী সাথিয়ারা খাতুন, মো: লিটন মিয়ার স্ত্রী ফারজিনা খাতুন, আসাদুল ইসলামের স্ত্রী নুরজাহান খাতুন, আনারুল ইসলামের স্ত্রী সাবুন্নারা খাতুন, মোসাররফ হোসেনের স্ত্রী আনোয়ারা খাতুন ও ফরমান আলীর স্ত্রী সাহিদা খাতুন।

সৃজনী ফাউন্ডেশনের পক্ষে মেহেরপুর শাখার তৎকালিন ব্যবস্থাপক সাইদুর রহমান বাদী হয়ে মেহেরপুর কোর্টে একটি মামলা দায়ের করেন। যার মামলা নং সিআর ৫১৬/২২। এই মামলায় এসব অসহায় গ্রামীণ নারীদের গ্রেফতার করে পুলিশ।
বর্তমান শাখা ব্যবস্থাপক শাজাহান কবীর বলেন, সদর উপজেলার আমদহ গ্রামে জবা মহিলা সমিতি নামের ওই সংগঠণে মোট ৪০ জন সদস্য রয়েছে। এসব সদস্যের মধ্যে ছবি খাতুন ৪৯ হাজার টাকা ঋণ নিয়ে পরিশোধ করেছেন ৪০ হাজার টাকা। এখনো তার কাছে সমিতি পাবে ৯ হাজার টাকা, তোকিয়ারা খাতুন সমিতির কাছ থেকে ৪৬ হাজার টাকা ঋণ নেন। সেও ৪০ হাজার টাকা পরিশোধ করেছেন। এখনো বাকী রয়েছে ৬ হাজার টাকা। নুরজাহান খাতুনও ৪৯ হাজার টাকা ঋণ নিয়ে পরিশোধ করেছে ১০ হাজার টাকা। তার কাছে পাওয়া যাবে ৪০ হাজার টাকা। সাথিয়ারা খাতুন ১৪ হাজার টাকা ঋণ নিয়ে পরিশোধ করেছেন মাত্র ৩ হাজার টাকা। ফারজিনা খাতুন ৪৬ হাজার টাকা ঋণ নিয়ে পরিশোধ করেছেন ২৮ হাজার টাকা, সাবুন্নারা খাতুন ৪৯ হাজার টাকা ঋণ নিলেও পরিশোধ করেছেন ১৬ হাজার টাকা, আনোয়ারা খাতুন ৪৯ হাজার টাকা ঋণ নিয়ে পেরিশোধ করেছেন ৫ হাজার টাকা ও সাহিদা খাতুন ৪৯ হাজার টাকা ঋণ নিয়ে পরিশোধ করেছেন ৪০ হাজার টাকা।আমদহ জবা মহিলা সমিতির এই ৮ জন সদস্য ঋণের কিস্তি পুরো পরিশোধ না করায় তাদের নামে আদালতে মামলা দেওয়া হয়েছে।

তিনি আরো জানান, সৃজনী ফাউন্ডেশনের মেহেরপুর শাখার আওতায় মোট ৪০টি সমিতির প্রায় ৪০০ সদস্য রয়েছে। গ্রামের এই সমিতিগুলোর মধ্যে ২৭ জন সদস্য বিভিন্ন সময়ে ঋণ তুলে পরিশোধ করতে না পারায় তাদের নামে সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাদের পরামর্শে আদালতে মামলা দেওয়া হয়েছে।এদিকে আমদহ গ্রামের এই ৮ নারী আটক হওয়ার পর সৃজনী ফাউন্ডেশনের বিভিন্ন এলাকার সমিতির খেলাপি অসহায় নারীরা সমিতির কার্যালয়ে এসে ভীড় জমিয়েছেন।

রাজাপুর গ্রামের মহসিন আলীর স্ত্রী মোমিনা খাতুন ও আমিনুল ইসলামের স্ত্রী আলেয়া খাতুন বলেন, আমরা ঋণ নিয়ে করোনার কারণে ঠিকমত কিস্তি দিতে পারিনি। আজকে আমদহ গ্রামের ৮ নারীকে হাজতে পাঠানোর পর থেকে সমিতির সদস্যদের মধ্যে আতংক তৈরী হয়েছে। তাই সমিতির অফিসে মিটমাট করতে এসেছি।

নিয়ম কানুন মেনে ঋণ দেওয়া হয়েছে কিনা এমন প্রশ্নের জবাবে আঞ্চলিক ব্যবস্থাপক আলিফ খান বলেন, যাদের নামে মামলা দেওয়া হয়েছে তারা ৫ থেকে ৬ বছর আগে ঋণ নিয়ে কিস্তি পরিশোধ করেনি। মামলার আগে ঋণ আদায়ের জন্য তাদের সাথে সব ধরনের আলোচনা করা হয়েছে। কিন্তু তারা লোন পরিশোধ না করে আমার কর্মিদের সাথে অসাদাচারণ করেছে। এজন্য তাদের নামে মামলা করতে বাধ্য হয়েছি।

তবে, নাম প্রকাশ না করার শর্তে হাজতে যাওয়া নারীদের স্বজনরা জানান, ঋণের অধিকাংশ কিস্তি পরিশোধ করা হয়েছে। বিগত দিনে করোনার কারনে আমাদের কিস্তি দিতে পারিনি। আমরা একটু স্বচ্ছল হয়ে কিস্তি পরিশোধ করার কথা বলা হলেও তারা আমাদের নামে মামলা করেছে। সরকার যখন সমাজে নারীদের উন্নয়ন এবং অধিকার প্রতিষ্ঠায় নানাভাবে কাজ করে যাচ্ছে, এমন সময় বেসরকারী উন্নয়ন সংস্থা “সৃজনী ফাউন্ডেশনের” অমানবিক কার্যকলাপে বিস্মিত সুশীল সমাজের নাগরিকগণ।

জেলা সুশাসনের জন্য নাগরিক (সুজন) মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেন বলেছেন যাদের দ্বারা সামান্য ঋণের দায়ে অসহায় নারীদের মামলার জালে ফেলে জেলে যেতে হয়। তাদের দ্বারা নারীদের সামাজিক উন্নয়ন কখনো সম্ভব নয়। বিষয়টিকে হাস্যকর আখ্যা দিয়ে সৃজনী বাংলাদেশ এনজিওকে বয়কটের আহবান জানান তিনি। এই এনজিও দ্বারা কিভাবে গ্রামীণ নারীদের উন্নয়ন সম্ভব সে প্রশ্নও তুলে সৈয়দ জাকির হোসেন প্রশাসনের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।

করমদি ডিগ্রী কলেজের প্রভাষক এএসএম সায়েম পল্টু বলেন, দারিদ্রতার চক্র থেকে বেরিয়ে স্বাবলম্বী হতে অনেকেই এনজিওগুলো থেকে ঋণ নেন। কিন্তু দেখা যায় ঋণের কিস্তি শোধ করতে আবার অন্য একটি এনজিওর ঋণের জালে জড়িয়ে পড়ছেন তারা। সেই ঋণের জাল থেকে আর বেরিয়ে আসা সম্ভব হয়না।এক সময় তাদের ভিটেমাটিও বিক্রি করতে দেখা যায়। অনেকেই ঋণ পরিশোধ করতে না পেরে ঘরবাড়ি ছেড়ে পালিয়েও গেছে।

নাম প্রকাশ না করার শর্তে এনজিও সমিতির একজন নেতা বলেন সরকারের এমআরএ নিয়মনীতি মেনে ঋণ দেওয়া উচিৎ। হয়তো ওই এনজিওর সাথে

গ্রাহকদের চুক্তি ভঙ্গের কারণে মামলা করেছে। তবে, কোনো গরীব নারীদের হয়রানি না করে বিষয়টি অন্যভাবে সুরাহা হওয়া উচিৎ ছিল। তিনি বলেন, আমার এনজিও’র অনেক গ্রাহক খেলাপি রয়েছে। আমি এসব অসহায় গরীব নারীদের নামে মামলা করে হয়রানি করিনি। এটা এনজিও গুলোর উদ্দ্যেশ্য নয়। এনজিওগুলোর উদ্দ্যেশ্য পিছিয়ে পড়া অসহায় নারীদের স্বাবলম্বী করা।

ব্র্যাকের জেলা সমন্বয়কারী ফজলুর রহমান বলেন, ক্ষুদ্র ঋণ খেলাপিদের মামলা দিয়ে হয়রানি না করে তাগাদার মাধ্যমে আদায় করা হয়। আমাদের কর্মীদের সে ধরণের নির্দেশনা দেওয়া হয়েছে। গাংনী সরকারী ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক আব্দুর রশিদ বলেন, এনজিওগুলো যেন গরিবের রক্ত শোষণের যন্ত্রে পরিণত হয়েছে। ঋণ দেওয়ার ক্ষেত্রে অনেক এনজিও সঠিক নিয়মকানুন অনুসরণ করে না বলে অভিযোগ রয়েছে। এনজিওগুলো কাগজে-কলমে ১০ শতাংশ সুদের কথা বললেও ৩০ থেকে ৪০ শতাংশ পর্যন্ত সুদ নিচ্ছে। তারা অসহায় দরিদ্র মানুষকে স্বাবলম্বী করার নামে আরও দরিদ্র করছে।

আজ থেকে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু

সারা দেশের ন্যায় মেহেরপুর জেলাতেও আজ থেকে শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা।

চলতি বছর ১৩ টি পরীক্ষা কেন্দ্রে সাধারণ শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষায় মোট ৭৯৬১ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে। এর মধ্যে ৩৮৮৭ জন ছাত্র ও ৩৮৩৭ জন ছাত্রী।

এসএসসি ও সমমানের পরীক্ষায় ১১৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা জেলার ১৩ টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেবেন। এবার জেলাতে মানবিক শাখা থেকে ৫৩১৪, বিজ্ঞান বিভাগ থেকে ২১১৩ এবং ব্যবসা শিক্ষা বিভাগ থেকে ২৯১ জন অংশ নিচ্ছে।

এরআগে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এসএসসি,

এসএসসি/দাখিল (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষার কেন্দ্রগুলোতে সুষ্ঠু ও শান্তিপুর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়া নিশ্চিত করতে ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে ।

এই আদেশ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার দিন থেকে পরীক্ষা চলাকালীন পর্যন্ত বলবৎ থাকবে।

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে ৭ প্রার্থীর মনোনয়নপত্র জমা

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে সাধারণ সদস্য ও সংরক্ষিত নারী সদস্য ৭ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মেহেরপুর জেলা পরিষদের সাবেক সংরক্ষিত নারী সদস্য সাহানা ইসলাম শান্তনা, সাবেক সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, মোখলেছুর রহমান, আব্দুর রশিদ, সাবেক প্যানেল চেয়ারম্যান নার্গিস সুলতানা, সাবেক সদস্য সামিউন বাসিরা পলি, গাংনী উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান সেলিনা মমতাজ কাকলি।

বুধবার (১৪ সেপ্টেম্বর) দুপুরের দিকে জেলা পরিষদ নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার এর নিকট মনোনয়নপত্র জমা দেন তারা।

গতকাল বৃহস্পতিবার (১৫ সেপ্টেম্বর) মনোনয়নপত্র জমাদানের শেষ দিন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫ জন সাজাপ্রাপ্তসহ ১১ আসামি গ্রেফতার

ভিন্ন ভিন্ন মামলায় বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্ত ৫ জন পলাতক আসামিসহ আদালতের পরোয়ানাভূক্ত ১১ আসামি গ্রেফতার করেছে মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ।

মঙ্গলবার (১৩ সেপ্টেম্বর) দিবাগত রাতভর ও আজ বুধবার (১৪ সেপ্টেম্বর) সকাল পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে এসব অভিযান চালান পুলিশের পৃথক টিম।

বিভিন্ন মেয়াদের সাজাপ্রাপ্তরা গ্রেফতারকৃতরা হলেন, চেক ডিজঅনার মামলার আসামি সদর উপজেলার পুরাতন দরবেশপুর গ্রামের মকছেদ আলীর ছেলে আবু তালেব। একই উপজেলার চাঁদপুর গ্রামের নজরুল ইসলামের দায়ের করা মামলা যার নং সিআর ৫৯১/১৭। মামলায় ১ বছরের কারাদন্ড ও ৩০ লাখ টাকা জরিমানা করেন আদালত। মাদক মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্ত পলাতক (মামলা নং জিআর ৫৫/১৪) আসামি নড়াইল জেলার লোহাগড়া উপজেলার মরিচপাশা গ্রামের বাকা সর্দারের ছেলে রাকিব, মাদক মামলায় (মামলা নং জিআর ৩৬৮/১৫) ১ বছরের অপর সাজাপ্রাপ্ত আসামি পিরোজপুর গ্রামের ছহির উদ্দীনের ছেলে কালু বিশ্বাস, ২ বছর ৩ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আসামি (মামলা নং এসটিসি ১২৬/১৬)গাংনী উপজেলার শিশিরপাড়া গ্রামের সমসের আলীর ছেলে মতিয়ার রহমান ওরফে মতি এবং জিআর ৮৩০/১২ মামলার সাজাপ্রাপ্ত আসামি একই উপজেলার করমদি গ্রামের সিরাজ উদ্দীনের ছেলে সাহাবুল ইসলাম।

এদিকে আদালতের পরোয়ানাভূক্ত সেসন মামলা ১১/২০ এর আসামি গাংনী উপজেলার হিন্দা গ্রামের সামসুদ্দীনের ছেলে মোস্তাক, নারী ও শিশু নির্যাতন দমন আইন মামলা যার নং ৩২৭/২২ মামলার আসামি কাজিপুর গ্রামের জালাল উদ্দীনের মেয়ে তাসমিমা খাতুন ও স্ত্রী নাইমা বেগম, গাংনী থানার মামলা নং ০৯, তারিখ ০৯/০৯/২০২২ মামলার আসামি গাংনী উপজেলার ফতাইপুর গ্রামের বাহারুল ইসলামের ছেলে নাহিদ হোসেন, জিআর ৩২৫/২২ মামলার আসামি মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রামের আরশেদ আলীর ছেলে সুমন আলী, জিআর ৩৩/২২ মামলার আসামি সদর উপজেলার বাড়িবাঁকা গ্রামের সামসুল হুদার ছেলে জাহিদুল ইসলামকে গ্রেফতার

করা হয়েছে।

পুলিশ সুপার রাফিউল ইসলামের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের বিভিন্ন টিম পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

আজ বুধবার (১৪ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের সোপর্দ করা হয়েছে।